দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 AUG 2007

পৃষ্ঠা ৫ কলাম ৩



বাংলাদেশ টেলিভিশন জাতীয় বিতর্ক প্রতিযোগিতা 'এবারের সর্বশ্রেষ্ঠ বক্তা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রী মারজিয়া হককে বুয়েটের উপাচার্য অধ্যাপক এ এম এম সফিউল্লাহ ও প্রতিযোগিতার নির্দেশক হাসান আহমেদ চৌধুরী কিরণের সাথে দেখা যাচ্ছে

টেলিভিশন জাতীয় বিতর্ক প্রতিযোগিতা

# বুয়েটের ছাত্রী মারজিয়া সর্বশ্রেষ্ঠ বক্তা

গত শুক্রবার বাংলাদেশ টেলিভিশনের আয়োজনে জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় শ্রেষ্ঠ বক্তা নির্বাচনী বর্ষব্যাপী বিতর্ক অনুষ্ঠিত হয়। রামপুরাস্থ টিভি অডিটোরিয়ামে আয়োজিত প্রতিযোগিতায় এবারের শ্রেষ্ঠ বক্তা হন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্রী মারজিয়া হক। ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণের পরিকল্পনা ও সঞ্চালনায় বিতর্কের বিষয় ছিল 'জাতিসংঘের মাধ্যমেই বিশ্ব শান্তি সম্ভব'। বছরব্যাপী অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় ৬৮টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় দুইশতাধিক বিতার্কিক এতে অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে ফজলুল হক হল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোঃ আরিফ আল মামুন ও জগন্নাথ হলের রাজীব সরকার। বিশিষ্ট পরিবেশবিদ ও পানি সম্পদ বিজ্ঞানী প্রফেসর ড. আইনুন নিশাতের সভাপতিত্বে প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন মোঃ জহুরুল আলম এনডিসি, অধ্যাপক আতিকুর রহমান, অধ্যাপক দিলরুবা জলিল, কামরুল ইসলাম এফসিএ ও সৈয়দা আইরিন জামান।-প্রেস বিজ্ঞপ্তি